গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়
এনজিও বিষয়ক ব্যুরো
প্লট-ই-১৩/বি, আগারগাঁও
শেরে বাংলা নগর, ঢাকা
www.ngoab.gov.bd



স্মারক নং-০৩.০৭.২৬৬৬.৬৬৩.৬৯.২৫১.২০--

তারিখঃ ২৯/০৯/২০২৬ খ্রিঃ।

বিষয়: সংস্থার এফসি-১ প্রকল্প অনুমোদনসহ অর্থছাড়।

সূত্র: সংস্থার ২২/০৯/২০২৬ তারিখের আবেদনপত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত আবেদনের পরিপ্রেক্ষিতে সংস্থার "Minimization of loss and Damage from Anticipated Cyclone by Taking Early Action Initiative (Mild) শীর্ষক এফসি-১ প্রকল্পটি ১,৭০,৯৩,৮০৫/- (এক কোটি সত্তর লক্ষ তিরানব্বই হাজার আটশত পাঁচ) টাকা। প্রাক্কলিত ব্যয়ে ২৫/০৯/২০২৬ হতে ৩০/০৪/২০২৭ পর্যন্ত সময়ের জন্য নিম্নোক্ত শর্তে অনুমোদনসহ উক্ত অর্থ দাতা সংস্থা Islamic Relief Worldwide-UK. উক্ত অর্থ দাতা সংস্থা হতে গ্রহণ ও ব্যয়ের অনুমতি নির্দেশক্রমে প্রদান করা হলো।

শর্তঃ-

ক) সংশ্লিষ্ট আইন ও পরিপত্রে উল্লেখিত বিধানবলী প্রতিপালনপূর্বক প্রকল্প বাস্তবায়ন করতে হবে।
খ) প্রকল্প বাস্তবায়নে সংশ্লিষ্ট জেলা প্রসাশক/উপজেলা নির্বাহী অফিসারগণকে সম্পৃক্ত রেখে প্রকল্প বাস্তবায়ন করতে হবে।
গ) কার্যক্রম বাস্তবায়ন শেষে ৩(তিন) মাসের মধ্যে সমাপনী প্রতিবেদন ৩ মাসের মধ্যে অডিট রির্পোট, এবং স্থানীয় প্রশাসনের প্রত্যয়নপত্র ব্যুরোতে দাখিল করতে হবে।
ঘ) প্রকল্পের তথ্যাদি ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।

০২। ছাড়কৃত অর্থ কমার্শিয়াল ব্যাংক অব সিলন পিএলসি, ৭৫ শহীদ তাজউদ্দিন আহম্মদ স্বরণী, তেজগাও শিল্প এলাকা, ঢাকা এর হিসাব নং-১৮১৭০০০৮৩২ এর মাধ্যমে গ্রহণ করে বিধি মোতাবেক ব্যয়িত অর্থের হিসাব সংরক্ষণ করতে হবে।

(শরিফ আহম্মেদ)
এসাইনমেন্ট অফিসার
(সিনিয়র সহকারী সচিব)
ফোন: ৫৫০০৭৪০৫
ao2@ngoab.gov.bd

কান্ট্রি ডিরেক্টর
ইসলামিক রিলিফ
বাড়ি-১০, রোড-১০, ব্লক-কে, বারিধারা, ঢাকা।

স্মারক নং-০৩.০৭.২৬৬৬.৬৬৩.৬৯.২৫১.২০-- ২০২৬

তারিখঃ ২৯/০৯/২০২৬ খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

০১। সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরেবাংলা নগর, ঢাকা।
০২। জেলা প্রশাসক, চট্টগ্রাম (স্থানীয় প্রশাসনের প্রত্যয়নপত্র ব্যুরোতে প্রেরণ করে সংস্থাকে অনুলিপি প্রদানের জন্য অনুরোধ করা হলো)।
০৩। মহাব্যবস্থাপক, বৈদেশিক মুদ্রানীতি বিভাগ, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
০৪। প্রোগ্রামার, এনজিও বিষয়ক ব্যুরো, ঢাকা (অর্থছাড়ের তথ্য ব্যুরোর Web-Site এ প্রকাশের জন্য অনুরোধসহ)।
০৫। ম্যানেজার, কমার্শিয়াল ব্যাংক অব সিলন পিএলসি, ৭৫ শহীদ তাজউদ্দিন আহম্মদ স্বরণী, তেজগাও শিল্প এলাকা, ঢাকা। ছাড়কৃত অর্থ= ১,৭০,৯৩,৮০৫/- (এক কোটি সত্তর লক্ষ তিরানব্বই হাজার আটশত পাঁচ) টাকা সংস্থাকে প্রদানের জন্য অনুরোধ করা হলো।
০৬। অফিস কপি।

২৯.৯.২৬

(শরিফ আহম্মেদ)
এসাইনমেন্ট অফিসার
(সিনিয়র সহকারী সচিব)

২২ সেপ্টেম্বর ২০২৬

বরাবর
মহাপরিচালক
এনজিও বিষয়ক ব্যুরো
প্রধানমন্ত্রীর কার্যালয়
প্লট-ই, ১৩/বি, শেরে বাংলা নগর, ঢাকা।

২৯/৯/২০২৬
মহাপরিচালকের দপ্তর
এনজিও বিষয়ক ব্যুরো

বিষয়: চট্রগ্রাম জেলার সন্দ্বীপ ও সীতাকুন্ড উপজেলায় সম্ভাব্য সাইক্লোন পরবর্তী ক্ষতি কমানের জন্য Minimization of Loss and Damage from Anticipated Cyclone by Taking Early Action Initiative (MILD) প্রকল্পের **এফসি-১ অনুমোদনের আবেদন।**

জনাব

ইসলামিক রিলিফ এর পক্ষ থেকে শুভেচ্ছা নিবেন!

উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে Minimization of Loss and Damage from Anticipated Cyclone by Taking Early Action Initiative (MILD) প্রকল্পের এফসি-১ দাখিল করছি। ইসলামিক রিলিফ একটি আন্তর্জাতিক বেসরকারী উন্নয়ন ও স্বেচ্ছাসেবী সংস্থা যা ১৯৮৪ সালে যুক্তরাজ্যে প্রতিষ্ঠিত হয়। ১৯৯১ সালে এপ্রিল মাসে সমুদ্র উপকূলে প্রলয়ংকারী ঘূর্ণিঝড়ে ক্ষতিগ্রস্থ মানুষদের সহায়তা প্রদানের মাধ্যমে ইসলামিক রিলিফ, বাংলাদেশে তার কার্যক্রম শুরু করে এবং একই বছরে এনজিও বিষয়ক ব্যুরোতে নিবন্ধিত হয় (৫৫৩/১৯৯১)। ইসলামিক রিলিফ, বাংলাদেশের বিভিন্ন জেলায় টেকসই জীবিকায়ন কার্যক্রম, এতিম ও শিশু কল্যান ও তাদের পরিবারের সমন্বিত উন্নয়ন কার্যক্রম, পানি ও পঃনিস্কাশন কার্যক্রম, সিজনাল কার্যক্রম,

এরই ধারাবাহিকতায় ইসলামিক রিলিফ, চট্রগ্রাম জেলার সন্দ্বীপ ও সীতাকুন্ড উপজেলায় সম্ভাব্য সাইক্লোন এর পূর্ব প্রস্তুতি ও সাইক্লোন পরবর্তী ক্ষতিগ্রস্থ অসহায় দরিদ্র পরিবারে মাল্টিপারপাস ক্যশ গ্র্যন্টস এর মাধ্যমে দরিদ্র মানুষের সহায়তার লক্ষ্যে স্টার্ট নেটওয়ার্কের আর্থিক সহায়তায় মোট **১,৭০,৯৩,৮০৫/- (এক কোটি সত্তর লক্ষ তিরানব্বই হাজার আটশত পাঁচ) টাকার** প্রাক্কলিত ব্যয়ে ইউকে ভিত্তিক দাতা সংস্থা **ইসলামিক রিলিফ ওয়ার্ল্ডওয়াইডের কমিটমেন্ট লেটারের** ভিত্তিতে **২৫/০৯/২০২৬ থেকে ৩০/০৪/২০২৭** সময়ের জন্য প্রকল্পটি হাতে নেওয়া হয়েছে।

উল্লেখ্য যে এই প্রকল্পটি দূর্যোগ মোকাবেলার প্রস্তুতি, বাংলাদেশ আবহওয়া অধিদপ্তর প্রদত্ব পূর্বাভাস ভিত্তিক মানবিক সহায়তা এবং ঝুঁকি হ্রাসকরণ নিমিত্তে (দূর্যোগ ও ত্রান মন্ত্রনালয়ের সিদ্ধান্ত অনুযায়ী trigger activation স্বাপেক্ষে যাহা দূর্যোগবিষয়ক স্থায়ী আদেশাবলি-SOD এর ৩.১.১৬ ধারা অনুযায়ী সম্ভাব্য সাইক্লোন এর পূর্ব প্রস্তুতি ও সাইক্লোন পরবর্তী ক্ষতিগ্রস্থ ঝুকি হ্রাস নিমিত্তে সন্দীপ ও সীতাকুন্ড উপজেলায় Multi-Purpose Cash Grants (MPCG) এর মাধ্যমে আর্থিক সহায়তা, সাইক্লোন শেল্টার প্রস্তুতকরণ, সতর্কবার্তা প্রচার, অনুসন্ধান ও উদ্ধার কার্যক্রম পরিচালনায় সহায়তা করা হবে।

এই প্রকল্পে অনুমোদন প্রাপ্তির পরপরই trigger activation অনুযায়ী কার্যক্রম পরিচালনার জন্য সম্ভাব্য সাইক্লোন এর পূর্বে স্থানীয় প্রশাসনের সাথে সমন্বয়ের মাধ্যমে উপকারভোগী নির্বাচন ও অন্যান্য কার্যক্রম সম্পাদন করা হবে।

উক্ত প্রকল্পটি সময়মত বাস্তবায়নের জন্য এফসি-১ এবং এফডি-২ যথা শীঘ্র সম্ভব অনুমোদনের লক্ষ্যে আপনার সদয় বিবেচনার জন্য পেশ করা হলো।

এই ব্যাপারে আপনার সার্বিক সহযোগিতা কামনা করছি।

ধন্যবাদান্তে,

তালহা জামাল
কান্ট্রি ডিরেক্টর

সংযুক্তি: ৩ সেট এফসি ১, এফডি ২ ও কমিটমেন্ট লেটার

ISLAMIC RELIEF BANGLADESH
House 10, Road 10, Block K
Baridhara, Dhaka 1212
Bangladesh
t +88 02-222299128
+88 02-222293458
e info@islamicrelief-bd.org
www.islamicrelief.org.bd
UK Charity Reg. No. 328158
NGO Affairs Bureau Reg. No. 553

এফসি-১ ফরম

একককালীন অনুদান গ্রহণের আবেদন ফরম

[আবশ্যিকভাবে বাংলা নিকস ফন্টে পূরণ করে দাখিল করতে হবে]

১. সংস্থার নাম ঠিকানা (ফোন, মোবাইল, ইমেইল ও ওয়েবসাইটসহ) ঃ ইসলামিক রিলিফ

২. প্রকল্পের মেয়াদ ঃ

ক. শুরুর তারিখ ঃ ২৫/৯/২০২৬

খ. সমাপ্তির তারিখ ঃ ৩০/০৪/২০২৭

৩. অনুদান গ্রহণের উদ্দেশ্য (বিস্তারিত বিবরণ) ঃ লক্ষিত এলাকায় সম্ভাব্য সাইক্লোন মোকাবেলার প্রস্তুতি হিসেবে সাইক্লোন শেল্টার প্রস্তুতকরণ, সতর্কবার্তা প্রচার, অনুসন্ধান ও উদ্ধার কার্যক্রম পরিচালনা এবং মাল্টিপারপাস ক্যশ গ্র্যন্টস পদান।

৪. কর্ম এলাকা ও বাজেট ঃ

ক. কর্ম এলাকা (জেলা ও উপজেলা উল্লেখসহ) ঃ চট্রগ্রাম জেলার সন্দীপ ও সিতাকুন্ড উপজেলা।

খ. বিস্তারিত বাজেট বিবরণী (জেলা ও উপজেলা ঃ ১৭,০৯৩,৮০৫/- টাকা, চট্রগ্রাম জেলার সন্দীপ ও সিতাকুন্ড উপজেলা।

গ. মোট উপকারভোগীর সংখ্যা ঃ ২৬৬২ জন/পরিবার

৫. যে বৈদেশিক উৎস থেকে অনুদান গ্রহণ করা হবে তার বিবরণ ঃ

অ. ব্যক্তির ক্ষেত্রে ঃ প্রযোজ্য নয়

ক. পূর্ণ নাম

খ. পেশা

গ. যোগাযোগ ঠিকানা

ঘ. টেলিফোনা, ফ্যাক্স ও ইমেইল

ঙ. জাতীয়তা/নাগরিকত্ব

চ. মানিলন্ডারিং এবং সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধের নিমিত্ত ঃ

(United Nations Security Councils Resulation (UNSCR) কর্তৃক প্রকাশিত তালিকার সংগে দাতা সংস্থার/ব্যক্তির তথ্য যাচাই করা হয়ছে কিনা/কোন সংশ্লিষ্টতা রয়েছে কিনা ঃ যাচাই করা হয়েছে। না

ছ. উক্ত তালিকাভূক্ত ব্যক্তি/ব্যক্তিবর্গ/সংস্থার সাথে দাতার সংশ্লিষ্টতা আছে কিনা ঃ না

আ. সংস্থার ক্ষেত্রে

ক. সংস্থার নাম ঃ ইসলামিক রিলিফ ওয়ার্ল্ডওয়াইড়, বার্মিংহাম, ইউকে

খ. অফিস/সংস্থার ঠিকানা ঃ ১৯ রিয়া স্ট্রিট, সাউথ বার্মিংহাম, বি-৫ ৬এলবি, ইউনাইটেড কিংডম

গ. টেলিফোন, ফ্যাক্স নম্বর ঃ +৪৪-১২১-৬০৫৫৫৫৫

ঘ. ই-মেইল ও ওয়েবসাইট ঃ irw@irworldwide.org, www.islamic-relief.org

ঙ. মানিলন্ডারিং এবং সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধের নিমিত্ত ঃ

(United Nations Security Councils Resulation (UNSCR) কর্তৃক প্রকাশিত তালিকার সংগে দাতা সংস্থার/ব্যক্তির তথ্য যাচাই করা হয়ছে কিনা ঃ হ্যাঁ

চ. উক্ত তালিকাভূক্ত ব্যক্তি/ব্যক্তিবর্গ/সংস্থার সাথে দাতার সংশ্লিষ্টতা আছে কিনা ঃ না

ছ. প্রধান নির্বাহী কর্মকর্তার নাম ও পদবি ঃ ইফতেখার উদ্দিন শাহিন

জ. বাংলাদেশের জন্য দায়িত্ব প্রাপ্ত নির্বাহীর নাম ও পদবি ঃ তালহা জামাল

ঝ. সংস্থার উদ্দেশ্যসমূহ ঃ অর্থনৈতিক ক্ষমতায়ন ও সুশাসন, শিশু অধিকার ও সুরক্ষা, শিক্ষা, খাদ্য নিরাপত্তা, স্বাস্থ্য ও পুষ্টি, সামাজিক উন্নয়ন, মানবিক সাড়া প্রদান, দূর্যোগ ঝুঁকি নিরসন, জলবায়ু পরিবর্তনে অভিযোজন, জনগোষ্ঠির বৈচিত্রতা ও অর্ন্তভূক্তিকরণ।

৬. প্রতিশ্রুতিপত্র আছে কিনা ঃ হ্যাঁ

(কাজের নাম, অর্থের পরিমাণ ও মেয়াদকাল সুস্পষ্টভাবে উল্লেখপূর্বক কপি সংযুক্ত করতে হবে।

৭. অনুদানের বিস্তারিত বিবরণ ঃ এককালীন অনুদান (সম্ভাব্য সাইক্লোনে পরবর্তী ক্ষতি কমানোর জন্য সাইক্লোন সেল্টার প্রস্তুতকরণ, সতর্কবার্তা প্রচার, অনুসন্ধান ও উদ্ধার ও নগদ অর্থ সহযোগিতা প্রদান/মাল্টি পারপাস ক্যশ গ্র্যন্টস)

ক. বৈদেশিক মুদ্রার পরিমান ঃ ১০২,০৮৫ ব্রিটিশ পাউন্ড

খ. সমপরিমান বাংলাদেশি টাকা ঃ ১৭,০৯৩,৮০৫/-

গ. পণ্যসামগ্রী (বাংলাদেশি মুদ্রায় আনুমানিক মূল্য) ঃ প্রযোজ্য নয়

৮. ব্যাংক সংক্রান্ত তথ্যাবলী

ক. যে ব্যাংকের মাধ্যমে বৈদেশিক অনুদান গ্রহণ করতে ইচ্ছুক তার নাম ও ঠিকানা ঃ কমার্শিয়াল ব্যাংক ও সিলন পিএলসি, ৭৫ শহীদ তাজউদ্দিন আহম্মদ স্বরণী, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা

খ. ব্যাংক হিসাবের নাম ঃ ইসলামিক রিলিফ

গ. ব্যাংক হিসাব নম্বর ঃ ১৮১৭০০০৮৩২

৯. বাজেট

ক. খাত ভিত্তিক ব্যয় বিভাজন

ক্রমিক নং	কার্যক্রম	প্রাক্কলিত ব্যয়	কর্ম এলাকা (জেলা, উপজেলা)	সময়সীমা	উপকারভোগীর সংখ্যা
			চট্টগ্রাম জেলার সন্দ্বীপ ও সিতাকুন্ড উপজেলা	২৫/০৯/২৬-৩০/০৪/২৭	২,৬৬২ জন/পরিবার
১.	সম্ভাব্য সাইক্লোনে ক্ষতি কমানোর জন্য সাইক্লোন পরবর্তি মাল্টি পারপাস ক্যশ গ্র্যান্টস/এককালিন অনুদান। অসহায় দরিদ্র এবং সম্ভাব্য ক্ষতিগ্রস্থ ২,৬৬২ জন/পরিবার। জন/পরিবার প্রতি ৫,০৩৫/- এমএমটি চার্জসহ)	১,৩৪,০৩,১৭০			২,৬৬২ জন/পরিবার
২.	পরিবহণ ও অন্যান্য	২২০,০০০			
৩.	আশ্রয়কেন্দ্রে প্রস্তুতির জন্য জরুরী সহায়তা	৭৭,০০০			
৪.	প্রকল্প বাস্তবায়নে কর্মীদের যাতায়াত	৪৯৫,০০০			
৫.	সচেতনতায় সতর্কবার্তা প্রচার	৫৩৬,৮৬২			
৬.	সেমিনার ও ওয়ার্কসপ	৫৬,০০০			
৭.	বাংক চার্জ, স্টেশনারি, অফিস সাপ্লাই ও অন্যান্য	৯৪,০০০			
৮.	কান্ট্রি অফিস থেকে ফিল্ড মনিটরিং, বেনিফিশিয়ারি ভেলিডেশান	১,৭৪,৫৫৩			
৯.	এসিসটেন্ট প্রজেক্ট অফিসার	৮,৯১,০০০			
১০.	প্রজেক্ট ইনচার্জ	২১২,০০০			
১১.	স্বেচ্ছাসেবক ৩৩ জন	৩৩০,০০০			
১২.	ডিপুটি প্রোগ্রাম ম্যনেজার	২০৭,২২০			
১৩.	প্রোগ্রাম ম্যনেজার	৩১৬,০০০			
১৪.	এসিসটেন্ট প্রোগ্রাম অফিসার	৮১,০০০			
	মোট (১-১৪)	১,৭০,৯৩,৮০৫			

খ. টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) এর সাথে সম্পৃক্ততা ঃ এসডিজির ১৩ নং ধারা মোতাবেক জলবায়ু পরিবর্তণ ও এর প্রভাব মোকাবেলায় জরুরী কর্মব্যবস্থা গ্রহণ ও প্রাপ্যতা নিশ্চিত করা, ২ নং ধারা মোতাবেক খাদ্য নিরাপত্তা ও উন্নত পুষ্টিমান নিশ্চিতকরণ, ১ নং ধারা মোতাবেক দারিদ্র বিমোচনে সহযোগিতা প্রদান করবে। এবং দূর্যোগ বিষয়ক স্থায়ী আদেশাবলি ২০১৯ এর ৩.১.১৬ ধারা অনুযায়ী সম্ভাব্য সাইক্লোন এর পূর্ব প্রস্তুতি ও সাইক্লোন পরবর্তী ক্ষতিগ্রস্থ ঝুকি হ্রাস নিমিত্তে।

১০. ইতিপূর্বে গৃহিত অনুদানের বিবরণ: প্রযোজ্য নয়

ক্রম নং	উদ্দেশ্য / কার্যক্রম	এনজিও বিষয়ক ব্যুরো কর্তৃক অনুমোদনের স্মারক নম্বর ও তারিক	দাতা সংস্থার নাম	টাকার পরিমান	অডিট রিপোর্ট দাখিল ও ব্যুরো কর্তৃক গৃহিত হয়েছে কিনা	সমাপ্তি প্রতিবেদন দাখিল করা হয়েছে কিনা	স্থানীয় প্রশাসনের প্রত্যায়নপত্র দাখিল হয়েছে কিনা	মন্তব্য

১১. গুরুত্বপূর্ণ অন্য কোন তথ্য (যদি থাকে) ঃ

ঘোষনা

আমি / আমরা এই মর্মে ঘোষণা করছি যে, উপরোক্ত বর্ণনা সত্য। অনুদান উপরিউক্ত ঘোষিত উদ্দেশ্যে ব্যবহার করা হবে। আমি / আমরা প্রতিশ্রুতি দিতেছি যে আমি / আমরা প্রকল্প সমাপ্ত হওয়ার পর ২ (দুই) মাসের মধ্যে নিরীক্ষা প্রতিবেদন ও সমাপ্তি প্রতিবেদন ও স্থানীয় প্রশাসনের প্রত্যায়নপত্র দাখিল করিব।

প্রধান নির্বাহীর স্বাক্ষর ও সিল

তালহা জামাল
কান্ট্রি ডিরেক্টর
২৩/৯/২০২৬